গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট।

website: jgcbd.edu.bd, e-mail: prin_jgc_joy@yahoo.com, college Code: 2801

স্মারক নং-জসক/................/১৬ তারিখঃ ....

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষা সংক্রান্ত

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত যোগ্যতা সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে **অনলাইনে** আবেদন ফরম পূরণ করে নির্ধারিত ফিসহ কলেজে জমা দিতে হবে।

ভর্তির যোগ্যতাঃ

ক) আবেদনকারীকে ২০১৩/২০১৪ সালে এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১৫/২০১৬ সালে এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষাতেই পৃথকভাবে কমপক্ষে GPA - 2.00 (৪র্থ বিষয় সহ) পেতে হবে।

গ) **ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সর্বোচ্চ বয়স ৩১-১২-২০১৬ তারিখে ২২(বাইশ) বছরের অধিক হবে না অর্থাৎ যাদের জন্ম ৩১/১২/১৯৯৪ তারিখের পূর্বে তারা আবেদন করতে পারবে না।**

ঘ) যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক, উচ্চ মাধ্যমিক পর্যায়ে সেই বিষয়/সমগোত্রীয় বিষয়ে কমপক্ষে GPA-3.00 থাকতে হবে।

ঙ) মাদ্রাসা বোর্ড থেকে আলিম পাস এবং কারিগরী শিক্ষা বোর্ড হতে ডিপ্লোমা ইন কমার্স, ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাস শিক্ষার্থীরা উপরোক্ত ক, খ, গ ও ঘ শর্ত পূরণ সাপেক্ষে সমগোত্রীয় বিষয়ের সংগে যে বিষয় খাপ খায় সে বিষয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। সমগোত্রীয় বিষয়ে কমপক্ষে ২০০ নম্বর হতে হবে।

চ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে শাখায় উত্তীর্ণ হয়েছে সে শাখায় নির্ধারিত আবেদন ফরম পূরণ করবে।

ছ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে (সমগোত্রীয় বিষয় থাকা সাপেক্ষে) শুধুমাত্র মানবিক শাখার শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী কোটাঃ

ক) মুক্তিযোদ্ধা সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী কোটায় ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের আবেদন ফর্মের নির্দিষ্ট স্থানে ক্লিক করে তথ্য এন্ট্রি দিতে হবে।

খ) শর্ত থাকে যে, প্রকৃত মুক্তিযোদ্ধা সন্তানের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র এবং আদিবাসি/প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র ও ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য দলিলপত্রাদি সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে।

গ) এ সকল কোটায় একটি কলেজ সর্বাধিক ২৫ (পঁচিশ) জন (মুক্তিযোদ্ধা-১৫, আদিবাসী-০৭ ও প্রতিবন্ধি-৩) ছাত্র-ছাত্রী মেধাক্রম অনুসারে ভর্তি হতে পারবে, তবে যে কোন একটি বিষয়ে মুক্তিযোদ্ধা সন্তান, আদিবাসি ও দৃষ্টি প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের সংখ্যা সর্বাধিক ০৫ (পাঁচ) জনের অধিক হতে পারবে না।

ঘ) কোটার ঘর পূরণের ক্ষেত্রে শিক্ষার্থীকে সতর্কতা অবলম্বন করতে হবে। সংশ্লিষ্ট কোটার প্রত্যয়ন পত্র না থাকলে কোটার ঘর পূরণ করা যাবে না।

ঙ) ভুল তথ্য দিয়ে ফরমে উল্লেখিত কোটা সমূহের ঘর পূরণ করলে উক্ত পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল ভর্তি বাতিল করার অধিকার কেবল মাত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ফরম জমাদানের তারিখ ও সময় : ২৫/০৯/২০১৬ হতে ২০/১০/২০১৬)
(অফিস চলাকালীন দিনে সকাল ১০.০০ টা হতে ২.০০ পর্যন্ত)

ফরম সংগ্রহ, ফরম পূরণ এবং জমাদান প্রক্রিয়াঃ

(১) ভর্তি প্রার্থীকে **ব্যক্তিগতভাবে যে কোন স্থান হতে** www.nu.edu.bd/admissions ওয়েব সাইট-এ লগ ইন করে প্রাপ্ত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ডের নাম ও সন এন্ট্রি দিতে হবে।

(২) ওয়েবসাইটে প্রাপ্ত তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি কলেজ সিলেক্ট করে এন্ট্রি দিলে আবেদনকারী তার ভর্তিযোগ্য বিষয়ের তালিকা দেখতে পাবে। উক্ত তালিকা থেকে শিক্ষার্থী সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে।

এ কলেজের বিদ্যমান অনার্স কোর্স ও কোর্স কোড সমূহ হলোঃ

- বি.এ (অনার্স) ঃ বাংলা-1001, ইংরেজি-1101, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-1601, দর্শন-1701
- বি.এস.এস (অনার্স) ঃ রাষ্ট্রবিজ্ঞান-1901, অর্থনীতি-2201
- বি.বি.এ (অনার্স) ঃ হিসাববিজ্ঞান-2501, ব্যবস্থাপনা-2601
- বি.এস-সি (অনার্স) ঃ পদার্থবিজ্ঞান-2701, রসায়ন-2801, গণিত-3701, উদ্ভিদবিদ্যা-3001, প্রাণিবিদ্যা-3101

(৩) আবেদনপত্র পূরণের সময় প্রার্থির পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙীন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ (১২০×১৫০) পিক্সেল, ইমেজ টাইপ JPG এবং ম্যাক্সিমাম ফাইল সাইজ ৫০ কেবি।

(৪) সঠিক তথ্যসহ ছক পূরণ করে প্রথম সেভ করতে হবে। ফরমটি অনলাইনে সাবমিট করলে আবেদনকারীর নাম, ভর্তির পরীক্ষার রোল নং পিন কোড, কলেজের নাম ও বিষয় প্রছন্দক্রম সহ একটি নতুন ফরম ওয়েবসাইটে দেখা যাবে। উক্ত ফরমটিকে A4 অপসেট সাদা কাগজে প্রিন্ট করে নিতে হবে।

(৬) কলেজের হিসাব/ক্যাশ শাখায় অনার্স ভর্তি পরীক্ষার **ফি ২৫০/-(দুইশত পঞ্চাশ)** টাকা জমা দিয়ে, তার মূল রশিদ আবেদন ফরমের সঙ্গে সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে।

(১০) এখানে উল্লেখ নাই, এমন তথ্যের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়-এর ''ভর্তি নির্দেশিকা" মেনে চলতে হবে।

(১৩) ফরম জমা দেয়ার পর প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

(১৭) ফরম জমা দেয়া পর ২৪/১০/২০১৬ তারিখ পর্যন্ত যদি Confirmation sms না পেলে ভর্তি কমিটির সাথে যোগাযোগ করতে হবে এবং কলেজ ওয়েবসাইট দেখতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪ (চার) বছর মেয়াদী সম্মান কোর্সের নিম্নলিখিত বিষয়গুলোতে ভর্তি হতে চাইলে উচ্চমাধ্যমিক পরীক্ষার পাশে উলেণ্খিত অনুমোদিত সমগোত্রীয় (Allied) পাঠ্য বিষয় থাকতে হবে এবং উক্ত পরীক্ষায় গ্রেড পয়েন্ট ৩.০০ পেয়ে উর্ত্তীণ হতে হবেঃ

ক্রঃ নং	স্নাতক (সম্মান) শ্রেনীতে ভর্তির বিষয়	উচ্চ মাধ্যমিক শ্রেণীতে নিম্নে যে কোন ১টি পাঠ্য বিষয় থাকতে হবে ও তাতে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে
০১	রাষ্ট্রবিজ্ঞান Political Science(1901)	পৌরনীতি/ সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/ইতিহাস/ ইসলামী অর্থনীতি/অর্থনীতি/যুক্তিবিদ্যা/গণিত /অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল/উচ্চতর গণিত/জীববিজ্ঞান/
০২	অর্থনীতি Economics(2201)	অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল/ইসলামী অর্থনীতি/ব্যবসায় নীতি ও প্রয়োগ/হিসাববিজ্ঞান/ উচ্চতর হিসাববিজ্ঞান/পরিসংখ্যান/গণিত/পৌরনীতি/ক্ষুদ্র ব্যবসায় ব্যবস্থাপনা/উচ্চতর গণিত/অর্থনীতি
০৩	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি Islamic History & Culture (1601)	ইসলামের ইতিহাস/ইতিহাস/পৌরনীতি/সমাজবিজ্ঞান/সমাজ কল্যাণ
০৪	দর্শন Philosophy (1701)	যুক্তিবিদ্যা/পৌরনীতি/সমাজবিজ্ঞন/সমাজ কল্যাণ
০৫	হিসাববিজ্ঞান Accounting(2501)	হিসাববিজ্ঞান/ব্যবসায় নীতি ও প্রয়োগ/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/উচ্চতর হিসাববিজ্ঞান/ ক্ষুদ্র ব্যবসায় ব্যবস্থাপনা/অর্থনীতি/ইসলামি অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/উচ্চতর গণিত
০৬	ব্যবস্থাপনা Management(2601)	হিসাববিজ্ঞান/ব্যবসায় নীতি ও প্রয়োগ/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/উচ্চতর হিসাববিজ্ঞান/ ক্ষুদ্র ব্যবসায় ব্যবস্থাপনা/অর্থনীতি/ইসলামি অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/উচ্চতর গণিত
০৭	বাংলা Bangla(1001)	বাংলা
০৮	ইংরেজি English (1101)	ইংরেজি/উচ্চতর ইংরেজি
০৯	পদার্থবিজ্ঞান Physics(2701)	পদার্থবিজ্ঞান/রসায়ন/গণিত/উচ্চতর গণিত
১০	রসায়ন Chemistry (2801)	পদার্থ বিজ্ঞান/রসায়ন/গণিত/উচ্চতর গণিত
১১	উদ্ভিদবিদ্যা Botany (3001)	রসায়ন/জীববিজ্ঞান
১২	প্রাণিবিদ্যা Zoology (3101)	রসায়ন/জীববিজ্ঞান
১৩	গণিত Mathematics (3701)	গণিত/ উচ্চতর গণিত/পদার্থ বিজ্ঞান/পরিসংখ্যান

বিঃদ্রঃ *** ফরমের উপর আবেদনকারীর মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।**

*** বিষয়ভিত্তিক সংরক্ষিত আসন জানার জন্য** www.nu.edu.bd/admissions ওয়েব সাইট ভিজিট করতে বলা হলো।

অধ্যক্ষ
জয়পুরহাট সরকারি কলেজ
জয়পুরহাট

বিতরণ:

১। সকল বিভাগীয় প্রধান
২। আহ্বায়ক ও সদস্য, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি (২০১৬-২০১৭)।
৩। প্রধান সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার
৪। আইসিটি
৫। সকল নোটিশ বোর্ড।
৬। অফিস নথি।